# ক্যান্টনমেন্ট বোর্ড
## মোমেনশাহী সেনানিবাস
www.mcb.gov.bd

স্মারক নং- ২৩.২২.৭০১৪.০০২.১১.০০৫.২৬-৩১ তারিখ : ০১ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন মোমেনশাহী ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়, মোমেনশাহী সেনানিবাসের নিম্নবর্ণিত শুন্য পদ পুরণের নিমিত্ত নির্ধারিত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্র নং | পদের নাম | গ্রেড | জাতীয় বেতন স্কেল-২০১৫ | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৬ | ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) টি | স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম ২.৫ জিপিএ প্রাপ্ত এইচএসসি অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |

### শর্তাবলী

১। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, মোমেনশাহী সেনানিবাস এর বরাবরে আবেদনপত্র আগামী ০৫/০২/২০২৬ তারিখের মধ্যে পৌছাতে হবে। এ তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। প্রার্থীকে চাকরির আবেদন ফরম ওয়েবসাইট (www.mcb.gov.bd অথবা www.forms.gov.bd) হতে Download করে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনের সাথে সকল শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য সনদের ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করতে হবে।

৩। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, মোমেনশাহী সেনানিবাস এর অনুকূলে ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৪। নিয়োগ আবেদনে এক কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে এবং ০২ (দুই) কপি ছবির পিছনে নামসহ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে আবেদনের সাথে প্রেরণ করতে হবে।

৫। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৬। প্রার্থীদের বয়স ০৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখে ১৮ হতে সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হতে হবে। সকল জেলার এতিম ও প্রতিবন্ধী প্রার্থী আবেদন করতে পারবেন। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনারদের পুত্র-কন্যা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক বয়সসীমা বহাল থাকবে।

৭। সকল আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/ ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত সনদ দাখিল করতে হবে। তাছাড়া মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে। একইভাবে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ এর ০১ (এক) সেট সত্যায়িত ছায়ালিপিও দাখিল করতে হবে।

৮। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।

৯। প্রজাতন্ত্রের কর্মে (সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান) অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরিরত প্রার্থীদের মধ্যে যোগ্যতাসম্পন্ন এবং নির্ধারিত বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি প্রাপ্ত হলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। উক্ত অনুমতি পত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

১০। এ নিয়োগে ক্যান্টনমেন্ট সার্ভেন্টস নিয়োগ ও পদোন্নতি নীতিমালা-২০২৪ আলোকে কমন নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-২ ও ৪ অনুযায়ী প্রার্থীদের লিখিত পরীক্ষা-৭০ নম্বর (বাংলা-২০, ইংরেজি-২০, গণিত-১৫ ও সাধারণ জ্ঞান-১৫) ও কম্পিউটার মুদ্রাক্ষর এর ব্যবহারিক পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা নেওয়া হবে।

১১। মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে সকল মূলসনদ পত্রসমূহ প্রদর্শন করতে হবে। নিয়োগ পরীক্ষায় উপস্থিতির জন্য কোন দৈনিক ভাতা/ ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

১২। সত্যায়নকারী প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নাম ও পদবীযুক্ত সীল থাকতে হবে।

১৩। প্রার্থীর নাম ও ঠিকানা উল্লেখপূর্বক অব্যবহৃত ডাক টিকেটযুক্ত (৯.৫x৪.৫ ইঞ্চি) পৃথক একটি খাম সংযুক্ত করতে হবে।

১৪। প্রার্থীদের দাখিলকৃত কাগজাদি যাচাইপূর্বক ঘাটতি/অসংগতি/ত্রুটিপূর্ণ/জালিয়াতি ইত্যাদি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর নিয়োগ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। প্রকাশিত ফলাফলে কোন উল্লেখযোগ্য (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তা সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। নিয়োগ সংক্রান্ত এ বিজ্ঞপ্তির সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫/০১/২০২৬

(মাহমুদা হাসান)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
মোমেনশাহী সেনানিবাস

G-146